

তোমার চোখের মনিটর

আমি তো ভাবতাম
তোমার চোখের মনিটরে পড়া যায় হৃদয়ের সব কথা
আমার চোখের মাউস ঘুরিয়ে ফিরিয়ে
তোমার মনের আনাচে কানাচে বিচরণ করতে পারি স্বাচ্ছন্দ্যে

তোমার প্রসেসিং ইউনিটে এতো যে জটিল প্যাচের হিসাব
ফাইলে ফোল্ডারে ফায়ার-ওয়ালের এতোই বিজুত নেটওয়ার্ক,
আমি ভাবতেও পারিনি। তোমার পিসি-র ভাবসাব দেখে
আমি তো ইদানিং হিমসিম খেয়ে যাচ্ছি, বুঝে উঠতে পারছিনা
তোমার মনিটরের দেখানো ভাষ্য আর হার্ড ডিস্কের তথ্য কি এক

আমি তো ভাবতাম
তোমার মনের আঙিনা স্পষ্ট পড়া যায় খোলা আকাশের মতো
বাধা বন্ধনহীন যখন যেমন খুশি ওপেন করা যায় পেজ

তুমি যে তোমার হৃদয়ের এখানে ওখানে ব্ল্যাকহোল পেতে রেখেছ
তোমার মনিটরে সে তথ্য প্রকাশ পায় না কোনমতেই,
মনিটরের বিভ্রান্ত তথ্য নিয়ে আমি এখন চরম বিপাকে আছি
হ্যাঙ্গ-আপের খানা খন্দে পড়ে দিকদিশা পাচ্ছি না মোটেই

কোন কুলকিনারা না পেয়ে, আমি এখন
শাট ডাউন করে ফেলতে চাইছি তোমার পিসি-টাই

ঢাকাঃ ২০.১২.২০০৬

মুহম্মদ আবদুস সালাম